যুগান্তর

তারিখ 01 JUL 2015
পৃষ্ঠা ৩ কলাম ২

৯৪তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

# শতবর্ষের পথে ঢাকা বিশ্ববিদ্যালয়

মাহমুদুল হাসান নয়ন

শতবর্ষের পথে ঢাকা বিশ্ববিদ্যালয়। ১৯২১ সালের ১ জুলাই যাত্রা শুরু করে বিশ্ববিদ্যালয়টি ৯৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করতে যাচ্ছে আজ। তৎকালীন পূর্ব বাংলা ও বর্তমান বাংলাদেশের প্রথম বিশ্ববিদ্যালয় ছিল এটি। এবার ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের প্রতিপাদ্য 'উচ্চশিক্ষা ও টেকসই উন্নয়ন'। সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ববিদ্যালয়টির রয়েছে 'বাংলাদেশ' নামক একটি দেশ সৃষ্টিসহ অনেক বড় বড় অর্জন। তবে আর্থিক সীমাবদ্ধতা, রাজনৈতিক অস্থিতিশীলতাসহ নানা কারণে প্রত্যাশিত সাফল্য আনতে পারেনি বিশ্ববিদ্যালয়টি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিশ্লেষণে দেখা ঢাকা : পৃষ্ঠা ১৫ : কলাম ১



ঢাবি ক্যাম্পাসে 'অপরাজেয় বাংলা' ভাস্কর্য যুগান্তর

## ঢাকা : বিশ্ববিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর)

যায়, ১৯৪৭ সালে দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে গঠিত হয় ভারত ও পাকিস্তান। তৎকালীন পূর্ববঙ্গের বা পরবর্তী সময়ের পূর্ব পাকিস্তানের রাজধানী ঢাকায় অবস্থিত প্রদেশের একমাত্র বিশ্ববিদ্যালয়-ঢাকা বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র করে এ দেশের মানুষ জ্ঞানভিত্তিক নতুন সমাজের স্বপ্ন দেখতে শুরু করে। তৎকালীন পূর্ব বাংলার ৫৫টি কলেজ এ বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়। ১৯৪৭ থেকে ১৯৭১ সাল পর্যন্ত সময়ের মধ্যে ৫টি নতুন অনুষদ, ১৬টি নতুন বিভাগ ও ৪টি ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয়। ১৯৫২ সালে ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৭১-এর মুক্তিযুদ্ধ পর্যন্ত রাষ্ট্রীয় ভাষা ও স্বাধীন দেশ গঠনের সংগ্রামে জীবন দেয় এ বিশ্ববিদ্যালয়ের হাজারো শিক্ষক-কর্মচারী এবং ছাত্রছাত্রী। ভূমিকা রাখে নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলনসহ জাতি গঠনের সব আন্দোলনে। পরে আইয়ুব সরকারের ১৯৬১ সালের অর্ডিন্যান্স বাতিল এবং ১৯৭৩ অধ্যাদেশের মাধ্যমে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা পায় বিশ্ববিদ্যালয়টি। দীর্ঘ এ সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অসংখ্য বিজ্ঞানী, সাহিত্যিক, গবেষক, কবি-লেখক বের হয়েছেন।

**আজকের কর্মসূচি :** দিবসটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সেজেছে এক নতুন সাজে। বিশ্ববিদ্যালয়ের কলা ভবন, ব্যবসায় শিক্ষা অনুষদ, কার্জন হল, টিএসসি, কার্জন হলসহ সব স্থাপনাই ছেয়ে গেছে লাল-নীল মরিচ বাতির ঝলকানিতে। ক্যাম্পাসে দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আজ সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা প্রশাসনিক ভবন সংলগ্ন মলে জমায়েত হবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন শেষে সকাল ১০টা ১৫ মিনিটে শোভাযাত্রা সহকারে টিএসসিতে যাবেন সবাই। কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিকবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী। সকাল ১১টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব অনুষদ, বিভাগ, ইন্সটিটিউট ও হল দিনব্যাপী নিজস্ব কর্মসূচি গ্রহণ করেছে। এর মধ্য থেকে সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত 'দুর্লভ পাণ্ডুলিপি প্রদর্শনী' চলবে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে, সকাল ১০টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত বায়োমেডিকেল ফিজিক্স অ্যান্ড টেকনোলজি বিভাগের উদ্ভাবিত চিকিৎসা প্রযুক্তির যন্ত্রপাতি/গবেষণার প্রদর্শনী চলবে কার্জন হল ভবনের দক্ষিণ-পূর্ব বারান্দায়, সকাল ১১টা থেকে চারুকলা অনুষদে চলবে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত চারুকলা অনুষদ গ্যালারিতে চলবে শিক্ষার্থীদের শিল্পকর্মের প্রদর্শনী। থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের আয়োজনে বিকাল ৪টায় নাট-মণ্ডল মিলনায়তনে বিশেষ বক্তৃতা ও বিকাল সাড়ে ৪টায় বাংলা নাটক 'স্বদেশী নকশা' প্রদর্শন করা হবে।